



সোনালী ব্যাংক লিমিটেড

Sonalibank Limited

বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।



সুবর্ণজয়জ্ঞার অঙ্গীকৃত
সোনালী ব্যাংক হবে সবার

তারিখ : ২৯ ডিসেম্বর, ২০২২

২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন

অদ্য ২৯ ডিসেম্বর, ২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় এ ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার এর কক্ষে “সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি” এর ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ডেপুটি জেনারেল ম্যানেজার ও “সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি” এর কমিটি প্রধান জনাব মোঃ জসীম উদ্দিন খান। এজেন্ডা অনুযায়ী ০১ নভেম্বর, ২০২২ তারিখে গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও প্রতিবেদন প্রস্তুত বিষয়ে আলোচনা করা হয় :

১। গ্রাহকদের মূল্যবান দ্রব্যাদি ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টস সংরক্ষণের লক্ষ্যে ব্যাংকের লকার সেবা গ্রহণের জন্য উন্মুক্ত করণ এবং এ বিষয়ক কার্যক্রম গ্রহণ।

২.০০ : সভায় উপস্থিত ফোকাল পয়েন্ট জনাব মোঃ শামছুজ্জামান, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার এবং সদস্য সচিব জনাব হ.আ.ম. ফেরদৌস-উন-নবী, প্রিসিপাল অফিসার উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন তথা গ্রাহকদের লকার সেবা গ্রহণের জন্য উন্মুক্ত করণ বিষয়ক গৃহীত কার্যক্রম ও তথ্যাদি উপস্থাপন করেন -

ক) ব্যাংকের নন-ফাল্ডেড আয় বৃদ্ধির লক্ষ্যে শাখাকে লকার সেবা প্রদানের জন্য উন্মুক্ত করণ ও নির্দেশনা বিষয়ক পত্র প্রদান করা হয়েছে।

খ) গ্রাহকদের জন্য দৃশ্যমান স্থানে ‘এই শাখায় লকার সেবা প্রদান করা হয়’/‘Lockers available here’ বিষয়ক স্টিকার লাগানো এবং সেবাটির মূল্যতালিকা টাঙ্গানোর নির্দেশনা প্রদান করা হয়েছে।

গ) সংশ্লিষ্ট শাখাকে লকার সেবার লিফলেট ও প্রচারপত্র বিলি করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

ঘ) দৈবচয়ন ভিত্তিতে জেনারেল ম্যানেজার’স অফিস রাজশাহী এবং স্থানীয় কার্যালয়, ঢাকা’র কার্যক্রম/রিপোর্ট পর্যালোচনায় প্রতীয়মান হয় যে নির্দেশনা যথাযথভাবে পরিপালনের মাধ্যমে সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

ঙ) বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা হতে পত্র মারফত প্রাপ্ত তথ্য পর্যালোচনায় পরিলক্ষিত হয়েছে যে, এ ব্যাংকের মোট লকার সংখ্যা ১২৪৭২টি (তন্মধ্যে ছোট ১০৩২৫ টি মাঝারী ১৪৫০ টি এবং বড় ৬৯৭ টি) ; মোট লকার শাখার সংখ্যা ৪২ টি এবং লকার সেবা থেকে ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক ব্যাংকের সম্ভাব্য আয় ২.২৮ কোটি টাকা। উক্ত পত্রে আরো উল্লেখ করা হয়েছে যে, “ব্যাংকের লকার সেবা গ্রহণের জন্য উন্মুক্ত করণ এবং এ বিষয়ক কার্যক্রম গ্রহণ” শীর্ষক সিদ্ধান্ত গ্রহণের ফলে ব্যাংকের লকার সেবায় গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। যেমন-

১। গ্রাহকদের মূল্যবান দ্রব্যাদি ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টস সংরক্ষণে গ্রাহকদের মাঝে সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

২। নতুন নতুন শাখায় লকার স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

৩। বিদ্যমান লকারের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে, ফলে ব্যাংকের নন-ফাল্ডেড ইনকামও বাঢ়ছে।

উল্লেখ্য, উপরোক্ত কার্যক্রম ও তথ্য-উপাদের কপি সকল সদস্যকে বিতরণ করা হয়েছিল।

পরিবর্তী পৃষ্ঠা - ০২



সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।



সুবর্ণজয়গাঁওর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে স্বার

পৃষ্ঠা - ০২

৩.০০ : বর্ণিত তথ্যাদি পর্যালোচনায় “সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি” কর্তৃক ২য় ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) গৃহীত সিদ্ধান্ত শতভাগ (১০০%) বাস্তবায়িত হয়েছে মর্মে কমিটির নিকট প্রতীয়মান হয়।

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

ক্রঃ নং	নির্বাচী/কর্মকর্তাদের নাম ও পদবী	বর্তমান কর্মসূল	কমিটিতে অবস্থান	স্বাক্ষর
০১	জনাব মোঃ জসীম উদ্দিন খান ডেপুটি জেনারেল ম্যানেজার	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	কমিটি প্রধান	 ২৯/১২/২০২২
০২	জনাব মোঃ শামছুজ্জামান এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)	 ২৯.১২.২০২২
০৩	জনাব মোঃ আজাদুল ইক সিনিয়র প্রিসিপাল অফিসার	ভিজিল্যাস এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য	 ২১/১২/২০২২
০৪	জনাব মোহাম্মদ রবিউল আলম প্রিসিপাল অফিসার	গভঃ একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য	 ২৯.১২.২০২২
০৫	জনাব হ.আ.ম. ফেরদৌস-উল-নবী প্রিসিপাল অফিসার	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)	 ২৯.১২.২০২২